

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ অ্যান্ড এমআইএস উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

নং-৫২.০১.০০০০.১০৬.৫০.২২১.১৫-৭০০৭

তারিখঃ ১২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ


### অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং-এ কর্মরত জনাব মো: মাজহারুল ইসলাম, কম্পিউটার অপারেটর গত ২৬-১১-২০২১ খ্রি. তারিখে বিবিএস এর ৩য় শ্রেণীর সরকারি কর্মচারী নিয়োগ পরীক্ষা চলাকালীন পরীক্ষার প্রশ্নপত্র হোয়াটস এ্যাপের মাধ্যমে আদান প্রদান জনিত অনৈতিক কাজের সাথে জড়িত হন। ঘটনার গুরুত্ব বিবেচনায় জনাব মো: মাজহারুল ইসলাম, কম্পিউটার অপারেটর-এর বিরুদ্ধে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯ (১) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) এবং ৩(ঘ) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় বিধি মোতাবেক তদন্ত করার জন্য ন্যাশনাল একাউন্টিং উইং এর উপপরিচালক জনাব মো: মিজানুর রহমান-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত শেষে অভিযোগ প্রমাণিত বলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

০২। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা পূর্বক আনীত অভিযোগ সন্দেহাতীত প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪ (৩) (খ) মোতাবেক জনাব মো: মাজহারুল ইসলাম, কম্পিউটার অপারেটর-কে কেন বাধ্যতামূলক অবসর প্রদান করা হবেনা উক্ত বিধিমালার বিধি ৭ (৮) ও (৯) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ৩১/০৫/২০২২ খ্রি. তারিখ কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়।

০৩। জনাব মো: মাজহারুল ইসলাম, কম্পিউটার অপারেটর গত ০৮/০৬/২০২২ খ্রি. তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন। তার দাখিলকৃত জবাব বিধি ৭ (১১) মোতাবেক পর্যালোচনান্তে বিধি ৪ (৩) (খ) মোতাবেক বাধ্যতামূলক অবসর প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে গৃহীত খোরপোষ ভাতার অতিরিক্ত কোন বেতন ভাতাদি প্রাপ্ত হবেন না। তিনি বিধি মোতাবেক অবসর সুবিধাদি প্রাপ্য হবেন। এ আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।



মোহাম্মদ জাফরুল ইসলাম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
ফোন: ৫৫০০৭০৫৬  
e-mail: [dg@bbs.gov.bd](mailto:dg@bbs.gov.bd)

বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (০১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- ✓(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (০৩) যুগ্মপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (০৪) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- (০৫) চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা।
- (০৬) উপপরিচালক, প্রশাসন/বিনিক/সমন্বয়/ প্রকাশনা শাখা, বিবিএস, ঢাকা।
- (০৭) স্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৮) জনাব মো: মাজহারুল ইসলাম, কম্পিউটার অপারেটর, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (০৯) অফিস কপি।